গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।

## তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মো: আবুল কালাম আজাদ<br>জেলা মৎস্য কর্মকর্তা |
| সভার তারিখ | ২০.০৩.২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর সদর, নাটোর। |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-ক তে দ্রষ্টব্য। |

সভাপতি সভায় উপস্থিত (পরিশিষ্ট-ক, ছবি-১, ছবি-২) সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে আলোচনা করেন। উপস্থিত অংশীজনদের আগ্রহের প্রেক্ষিতে তাদের মধ্যে বিনামূল্যে তথ্য প্রাপ্তির আবেদন ফরম বিতরণ করেন এবং তথ্য কমিশনের আপলোডকৃত সচেতনতামূলক ভিডিওচিত্রসমূহ প্রদর্শন করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ শহীদুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর চলতি ২০২২-২৩ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে গৃহীত কার্যক্রম পাঠ করে শোনান এবং তৎপ্রেক্ষিতে নাটোর জেলার তথ্য অধিকার বিষয়ক বিভিন্ন কার্যক্রমের বিষয় ভিত্তিক অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য সূচি | অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|
| ২০২২-২৩ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক গৃহীত কার্যক্রম | | |
| ১ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | তথ্য প্রাপ্তির আবেদন যথাযথভাবে নিষ্পত্তির লক্ষ্যে ২০ কার্যদিবসে মধ্যে তথ্য প্রদান বা তথ্য প্রদানে অপারগ হলে ১০ কার্যদিবসের মধ্যে যথাযথ নিয়মে জানিয়ে দিতে হবে। উর্ধ্বতন কার্যালয়ে ত্রৈমাসিক ভিত্তিতে প্রেরিত প্রতিবেদন, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত রেজিস্টার প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে। |
| ২ | [২.১] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | অর্থবছরের প্রথমার্ধে একবার এবং দ্বিতীয়ার্ধে আর একবার সম্পূর্ণ ওয়েবসাইট পরীক্ষা করে হালনাগাদ করা হয়েছে এবং ইতোমধ্যে শতভাগ হালনাগাদ সম্পন্ন করা হয়েছে। উপজেলাসমূহকে নির্ধারিত সময়ের মধ্যে স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে প্রকাশ করতে হবে। ওয়েবসাইট হালনাগাদান্তে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও তাঁর অফিস প্রধান প্রত্যয়ন করবেন এবং উক্ত প্রত্যয়নপত্র প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে। |
| ৩ | [২.২] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | ওয়েবসাইটে কার্যালয়ের তথ্য, উল্লেখযোগ্য কার্যাবলী, সাফল্য, কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী, ফোন/মোবাইল নম্বর, ইমেইল এড্রেস, নাগরিকগণের জন্য প্রদত্ত বিশেষ সেবা ইত্যাদি তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬(৩) ধারা অনুসারে) টাইপ/কম্পোজ করে আপলোড করা হয়েছে এবং এতদসংক্রান্ত ওয়েব লিঙ্ক সংরক্ষণ করা হয়েছে। |
| ৪ | [২.৩] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদকরণ | নির্ধারিত সময়ের মধ্যে তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত/ হালনাগাদ করা হয়েছে। অফিসের মাসিক সমন্বয় সভায় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত/ হালনাগাদের কার্যক্রমটি সম্পাদনের বর্ণনা করা হয়েছে, ভবিষ্যতেও তা করতে হবে এবং সভার কার্যবিবরণী প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে। |

| | | |
|---|---|---|
| ৫ | [২.৪] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণে গত ০৪.০৯.২০২২ তারিখে, ২১.১১.২০২২ তারিখে ও অদ্য ২০.০৩.২০২৩ তারিখের সভাসহ মোট ০৩টি জনসচেতনতামূলক সভার কাজ বাস্তবায়ন করা হয়েছে। জনসচেতনতা বৃদ্ধিমূলক সভায় প্রচার কার্যক্রম হিসাবে সভার নোটিশ, তথ্য প্রাপ্তির আবেদন ফরম বিতরণ করা হয়েছে, তথ্য কমিশন কর্তৃক আপলোডকৃত ভিডিওসমূহ প্রদর্শন করা হয়েছে। সভার নোটিশ, ছবি, কার্যবিবরণী ইত্যাদি প্রমানক হিসেবে সংরক্ষণ করতে হবে। |
| ৬ | [২.৫] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন | কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে তথ্য অধিকার বিষয়ক মোট ০৩টি প্রশিক্ষণের মধ্যে গত ১৩.০৯.২০২২ তারিখে ও ২৯.১১.২০২২ তারিখে মোট ২টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। প্রমাণক হিসেবে প্রশিক্ষণ আয়োজনের অফিস আদেশ সংরক্ষণ করতে হবে। |
| ৭ | [২.৬] তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ে তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশ | তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন তৈরি করে তা স্ব স্ব ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সের ৩য় লিঙ্কে প্রকাশ করতে হবে। প্রমাণক হিসেবে স্ক্রীণসটসহ ওয়েবসাইটের লিঙ্ক সংরক্ষণ করতে হবে। |
| ৮ | বিবিধ | এপিএ চুক্তিতে গৃহীত যাবতীয় কাজ সামনে রেখে এবং এই সভার সিদ্ধান্তসমূহের আলোকে কাজ করে যেতে হবে যাতে করে এপিএ চুক্তির সকল কাজ সময়মত অর্জন ও প্রমাণক সংরক্ষণ করা সম্ভব হয়। |

আওতাধীন সকল উপজেলার কর্মকর্তাগণকে এপিএ চুক্তি মোতাবেক তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সভা আয়োজনের অনুরোধ করা হয়। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০৪.২১.১৬৫

তারিখ: ৬ চৈত্র ১৪২৯
২০ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপপরিচালক(ফিল্ড সার্ভিস), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

২) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৩) সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর।

৪) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য অফিসার (সকল), নাটোর।

৫) খামার ব্যবস্থাপক (সকল), মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর।

৬) মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা (সকল), নাটোর।

৭) সহকারী মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর।

৮) সহকারী মৎস্য কর্মকর্তা (ইলিশ), জেলা মৎস্য অফিস, নাটোর।

৯) প্রধান সহকারী, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর।

১০) অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর , জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর।

১১) জনাব.........................................................................................................।

মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা